**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/24/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# নিউ ইয়র্কের পুনরুজ্জীবিতকরণ এবং পরিবেশগত দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনাকে আরো এগিয়ে নিয়ে যাওয়ার জন্য গভর্নর হোকলের 22 মিলিয়ন ডলারেরও বেশি তহবিল ঘোষণা

***কমিউনিটির প্রবৃদ্ধি ত্বরান্বিত করতে স্মার্ট প্রবৃদ্ধি, স্থানীয় ওয়াটারফ্রন্ট এবং ব্রাউনফিল্ড অপর্চুনিটি এরিয়া সংক্রান্ত তহবিল লভ্য রয়েছে***

***কর্মসূচিগুলোর লক্ষ্য হলো সমতাপূর্ণ উন্নয়নের প্রসার ঘটানো এবং চাকরি ও ব্যবসা আকৃষ্ট করা***

***ক্ষুদ্র, গ্রামীণ কমিউনিটিকে সাহায্য করার জন্য 100 মিলিয়ন ডলারের NY ফরোয়ার্ড ইনিশিয়েটিভ (NY Forward Initiative)***

গভর্নর ক্যাথি হোকল আজ ডিপার্টমেন্ট অব স্টেটের (Department of State) তিনটি কমিউনিটি পরিকল্পনা ও উন্নয়ন কর্মসূচির জন্য লভ্য তহবিল সম্পর্কে ঘোষণা করেছেন। এই কর্মসূচিগুলো স্টেটব্যাপী উদ্ভাবনী প্রবৃদ্ধিকে উৎসাহিত করার লক্ষ্যে পুনরুজ্জীবিতকরণ প্রকল্পের মূল ভিত্তি। 2023 অর্থ বছরে প্রণীত স্টেট বাজেটে স্মার্ট প্রবৃদ্ধি পরিকল্পনা এবং জোনিং প্রোগ্রাম (Smart Growth Planning and Zoning Program), ব্রাউনফিল্ড অপর্চুনিটি এরিয়া এবং স্থানীয় ওয়াটারফ্রন্ট পুনরুজ্জীবিতকরণ প্রোগ্রামের (Local Waterfront Revitalization Program) মতো কর্মসূচির জন্য যথেষ্ট অর্থায়ন অন্তর্ভুক্ত রয়েছে।

"টেকসই ও সমতাপূর্ণ কমিউনিটি-চালিত কর্মসূচি, নিউ ইয়র্কের অর্থনৈতিক প্রত্যাবর্তনের মূল চাবিকাঠি," **বলেছেন গভর্নর হোকল।** "যেহেতু আমরা মহামারী থেকে পুনরুদ্ধারের জন্য কাজ করছি, সেহেতু আমরা কমিউনিটির দায়কে অনন্য সম্পদে পরিণত করার জন্য প্রত্যেক কমিউনিটির সাথে কাজ করা গুরুত্বপূর্ণ। এই উন্নয়নমূলক কর্মসূচিগুলো আমাদেরকে একটি সবুজ, আরো বেশি ব্যবসা-বান্ধব নিউ ইয়র্ক তৈরি করার পথে চালিত করবে।"

**সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন,** "সফল কমিউনিটি পুনরুজ্জীবিতকরণ যুক্তিসঙ্গত কমিউনিটি পরিকল্পনা, উন্নয়ন ও জনসম্পৃক্ততার মাধ্যমে শুরু হয়। কমিউনিটির টেকসই ও সমতাপূর্ণ উন্নয়নের জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতি স্টেটব্যাপী কমিউনিটির পুনরুজ্জীবিতকরণে একটি নবজাগরণকে উৎসাহিত করছে, যা নিউ ইয়র্ককে পরিবার, ব্যবসা

এবং সকল বয়স, পটভূমি ও আয়ের পর্যটকদের জন্য একটি শীর্ষস্থানীয় স্টেটে পরিণত করে তুলছে।"

গভর্নর হোকল 2023 অর্থ বছরের জন্য প্রণীত বাজেটে স্টেটের পরিবেশ সুরক্ষা তহবিলের বাজেট 100 মিলিয়ন ডলার বৃদ্ধি করেছেন, যা এই উদ্যোগগুলোর জন্য সরাসরি তহবিল সরবরাহ করেছে। তিনটি উন্নয়ন কর্মসূচি ডিপার্টমেন্ট অব স্টেটের (DOS) পরিকল্পনা, উন্নয়ন এবং কমিউনিটি কবকাঠামো অফিস (Office of Planning, Development and Community Infrastructure) কর্তৃক পরিচালিত হয়। -

**স্মার্ট প্রবৃদ্ধি পরিকল্পনা এবং জোনিং গ্র্যান্ট কর্মসূচি (2 মিলিয়ন ডলার)**
পৌরসভাব্যাপী বিস্তৃত পরিকল্পনা এবং জোনিং অধ্যাদেশ তৈরি করতে, এবং সেইসাথে টার্গেটকৃত আঞ্চলিক পরিকল্পনা এবং জোনিং, যেমন ডাউনটাউন, কেন্দ্রীয় ব্যবসায়িক ডিস্ট্রিক্ট এবং ট্রানজিট-মুখী উন্নয়ন ডিস্ট্রিক্টের জন্য স্মার্ট প্রবৃদ্ধি পরিকল্পনা এবং জোনিং গ্র্যান্ট কর্মসূচি কমিউনিটির জন্য 2 মিলিয়ন ডলার প্রদান করছে। কমিউনিটিকে অবশ্যই তাদের পরিকল্পনা ও জোনিংয়ের মধ্যে স্মার্ট প্রবৃদ্ধির নীতিমালা অন্তর্ভুক্ত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে। স্মার্ট প্রবৃদ্ধি নীতিমালার মধ্যে রয়েছে হাঁটার যোগ্য, সাইকেল চালানোর যোগ্য, ট্রানজিট বান্ধব স্ট্রিটস্কেপ; কম্প্যাক্ট, মিশ্র-ব্যবহৃত কমিউনিটি ডিজাইন; প্রাণবন্ত ডাউনটাউন এবং অন্যান্য পৌর কেন্দ্রসমূহ; সকল আয়, বয়স ও দক্ষতার জন্য বৈচিত্র্যপূর্ণ আবাসনের অপশন; নিরাপদ, অ্যাক্সেসযোগ্য পাবলিক স্পেস; পর্যাপ্ত পার্ক এবং আউটডোরে বিনোদনমূলক সুযোগ; সবুজ ভবন; এবং অবকাঠামো ইত্যাদি।

গত বছর, DOS বিস্তৃত পরিকল্পনা তৈরির জন্য স্টেটের মাধ্যমে 24টি কমিউনিটিকে মোট 1.5 মিলিয়ন ডলার স্মার্ট প্রবৃদ্ধি অনুদান প্রদান করেছে, যা ভবিষ্যতের প্রবৃদ্ধি ও উন্নয়নের সিদ্ধান্তের জন্য আইনী ও নীতিগত ভিত্তি। জোনিং অধ্যাদেশ অন্তর্ভুক্ত করার জন্য এই বছরের কর্মসূচির জন্য যোগ্যতা সম্প্রসারিত করা হয়েছিল যা বিস্তৃত ও আঞ্চলিক পরিকল্পনাকে বাস্তবায়ন করে।

**ব্রাউনফিল্ড অপর্চুনিটি এরিয়া (BOA) কর্মসূচি (4 মিলিয়ন ডলার)**
BOA কর্মসূচি ব্রাউনফিল্ড সাইটগুলোকে—অর্থাৎ উল্লেখযোগ্যভাবে দূষিত অঞ্চলগুলোকে—রূপান্তরিত করে, সেগুলোকে দায় থেকে কমিউনিটি সম্পদে পরিণত করে, যা প্রতিদানে নতুন ব্যবসা, চাকরি, আবাসন এবং জনসাধারণের জন্য সুযোগ-সুবিধা সৃষ্টি এবং সেগুলোকে সমর্থন করে। এই কর্মসূচি BOA পরিকল্পনার জন্য অনুদান প্রদান করে যা, সম্পন্ন হয়ে গেলে, অনুমোদন বা "মনোনয়ন" এর জন্য নিউ ইয়র্ক স্টেট সেক্রেটারি অফ স্টেটের কাছে জমা দেওয়া হয়। এই ধরনের মনোনীত BOA পরিকল্পনাগুলো তারপরে এমন প্রকল্পে রূপ নেয় যা নির্দিষ্ট স্টেট কর্মসূচির মধ্যে অগ্রাধিকারভিত্তিক তহবিল এবং অতিরিক্ত 5 শতাংশ ব্রাউনফিল্ড ডেভেলপার ট্যাক্স ক্রেডিটের পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ। BOA কর্মসূচি স্টেট-মনোনীত BOA-তে প্রাক-উন্নয়ন কার্যক্রমের জন্য অনুদান প্রদান করে, যেমন পরিবেশগত, আবাসন এবং অর্থনৈতিক গবেষণা, অবকাঠামো বিশ্লেষণ, বিপণন কৌশল, জনসম্পৃক্ততা ও জোনিং এবং নিয়ন্ত্রণমূলক আপডেট ইত্যাদি। এ বছর, এই কর্মসূচি একটি স্টেট-মনোনীত BOA-এর মধ্যে দ্বিতীয় পর্যায়ের পরিবেশগত সাইট মূল্যায়নের জন্যেও তহবিল সরবরাহ করে, যা 2023 অর্থ বছরের জন্য প্রণীত বাজেটে গভর্নর হোকল কর্তৃক এগিয়ে নেয়া একটি নতুন আইন এবং 400

মিলিয়ন ডলারের পরিবেশগত সুরক্ষা তহবিলের ফলে সম্ভব হয়েছে, যা কর্মসূচির ইতিহাসে সর্বোচ্চ মাত্রার তহবিল।

**স্থানীয় ওয়াটারফ্রন্ট পুনরুজ্জীবিতকরণ কর্মসূচি (LWRP) (16.3 মিলিয়ন ডলার)**
LWRP কমিউনিটিকে তাদের ওয়াটারফ্রন্টের জন্য একটি রূপকল্পসহ কমিউনিটি-চালিত পরিকল্পনা তৈরির জন্য অনুদান প্রদান করে, যা বেশ কয়েকটি পরিবেশগত নীতিমালা দ্বারা পরিচালিত হয় যা নিশ্চিত করে যে প্রকল্পগুলো ওয়াটারফ্রন্টের প্রাকৃতিক সম্পদ এবং বাস্তুতন্ত্রের সাথে সামঞ্জস্য রেখে কাজ করে। LWRP সেক্রেটারি অব স্টেট কর্তৃক অনুমোদিত এবং স্থানীয় কমিউনিটি কর্তৃক গৃহীত হয়ে গেলে, বা উল্লেখযোগ্যভাবে সম্পন্ন হলে, কমিউনিটি পরিকল্পনাটি সমর্থন করে এমন প্রকল্পের জন্য বাস্তবায়ন তহবিলের আবেদন করতে পারে। বর্তমানে নিউ ইয়র্ক স্টেটে 113টি অনুমোদিত LWRP রয়েছে।

DOS গভর্নরের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগও (Downtown Revitalization Initiative, DRI) পরিচালনা করে। DRI স্থানীয় বিনিয়োগ বৃদ্ধি সংক্রান্ত ক্রিয়াকলাপে কেন্দ্রীয় ভূমিকা রাখা ও অনুঘটক হিসেবে কাজ করার জন্য স্টেটের দশটি অঞ্চলের সবকটির ডাউনটাউন ও অঞ্চলকে পুনরুজ্জীবিত করার প্রক্রিয়া ত্বরাণিত ও সম্প্রসারিত করার উদ্দেশ্য নিয়ে 2016 সালে চালু করা হয়েছিল। DOS দ্বারা পরিচালিত, এই DRI একটি নজিরবিহীন ও অভিনব "পদক্ষেপ-ও-পরিকল্পনা" কৌশলের প্রতিনিধিত্ব করে যা কৌশলগত পরিকল্পনার সাথে তাৎক্ষণিক বাস্তবায়নের সংযোগ স্থাপন করেছে। বেশিরভাগ DRI কমিউনিটি অতীতে BOA এবং LWRP কর্মসূচি থেকে তহবিল পেয়েছে, যা তাদেরকে সফলভাবে DRI তৈরি ও বাস্তবায়নে সাহায্য করেছে। DRI এর প্রথম পাঁচ দফায় 59টি কমিউনিটিকে মোট 600 মিলিয়ন ডলার প্রদান করেছে।

এ বছর, গভর্নর NY ফরোয়ার্ড নামে DRI এর একটি উদ্ভাবনী শাখা তৈরি করেছেন, যা নিউ ইয়র্কের ক্ষুদ্র ও গ্রামীণ কমিউনিটির জন্য পল্লী এলাকা ও গ্রামের উপর মনোনিবেশসহ আরো সমতাপূর্ণ ডাউনটাউন পুনরুদ্ধারে সহায়তা করবে। DOS একটি পরিকল্পনা প্রক্রিয়ার মাধ্যমে কমিউনিটির সাথে কাজ করবে এবং এখনই বাস্তবায়নযোগ্য প্রকল্পের তালিকা তৈরির জন্য প্রয়োজনীয় প্রযুক্তিগত সহায়তা সরবরাহ করবে। এ বছরের প্রণীত স্টেট বাজেটে NY ফরোয়ার্ড এর জন্য 100 মিলিয়ন ডলার অর্থায়ন করা হয়েছে।

এই কর্মসূচিগুলো সম্পর্কে আরো তথ্য কনসোলিডেটেড ফান্ডিং অ্যাপ্লিকেশন (CFA) এ লভ্য রিসোর্স বুকলেটে পাওয়া যেতে পারে https://regionalcouncils.ny.gov/ এই ঠিকানায়। স্মার্ট প্রবৃদ্ধি কর্মসূচির তথ্য পাওয়া যাবে https://cfaresources.ny.gov/standalone-cfa-programs এই ঠিকানায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418